হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৫০ ঃ মেহেরপুর-বুধবার ২৪ সেপ্টেম্বর ২০২৫ ইং ঃ ৯ আশ্বিন ১৪৩২ বাংলা ঃ ৩০ রবি,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



বৃষ্টির সঙ্গে জীবনেও কাজ করবেন না আলভী -পৃষ্ঠ-৩

## তল্লাশির নামে জবাবদিহির সম্পাদককে হেনস্তা

### জনতার চাপে পরিদর্শকের স্থানত্যাগ




নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর-চুয়াডাঙ্গা ডিলাক্স কাউন্টারের সামনে জাতীয় দৈনিক জবাব দিহির সম্পাদককে মেহেরপুর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক বিদ্যুৎ বিহারি নাথের বিরুদ্ধে অযথা হয়রানি ও শারীরিক হেনস্তার অভিযোগ উঠেছে। সোমবার (২২ সেপ্টেম্বর) রাত সাড়ে ৯টার দিকে মেহেরপুর পুরাতন বাসস্ট্যান্ডের জেআর কাউন্টারের সামনে দৈনিক জবাবদিহি পত্রিকার সম্পাদক ও তার বাড়ির কেয়ারটেকার মো. রাজিবের সঙ্গে এ ঘটনা ঘটে। দৈনিক জবাবদিহি পত্রিকার সম্পাদক ও স্থানীয়রা অভিযোগ করেন, জাতীয় দৈনিক জবাবদিহি পত্রিকার সম্পাদক আক্তার হোসেন রিন্টু মেহেরপুর থেকে ঢাকা ফেরার সময় সোমবার রাতে তার পরিবহন ধরার জন্য চুয়াডাঙ্গা ডিলাক্স কাউন্টারে যান। সেই সময় তার বাড়ির কেয়ারটেকার মো. রাজিব ব্যাগসহ অন্যান্য জিনিসপত্র গাড়িতে তুলছিলেন। এসময় হঠাৎ মেহেরপুর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক বিদ্যুৎ বিহারি নাথ গাড়িতে ব্যাগ তুলতে বাধা দেন এবং ব্যাগ তল্লাশির কথা বলে ব্যাগ আড়ালে নিয়ে যেতে চাপ দেন। কেয়ারটেকার রাজিব ব্যাগ আড়ালে নেওয়ার অস্বীকৃতি জানালে তাকে শারীরিকভাবে হেনস্তা করা হয় বলে অভিযোগ উঠেছে। এসময় কাউন্টার থেকে জবাবদিহি পত্রিকার সম্পাদক আক্তার হোসেন রিন্টু ও স্থানীয় জনতা এসে তার পরিচয় জানতে চাইলে বিদ্যুৎ বিহারি নাথ নিজেকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক দাবি করেন। এরপর জবাবদিহির সম্পাদক নিজের পরিচয় প্রকাশ করে বিদ্যুৎ বিহারি নাথ এর পরিচয়পত্র দেখতে চান। বিদ্যুৎ বিহারি নাথ তার পরিচয়পত্র দেখাতে ব্যর্থ হন। পরে সম্পাদক আক্তার হোসেন রিন্টুর জেরার ও জনতার চাপের মুখে তিনি ঘটনাস্থল ত্যাগ করেন।

কেয়ারটেকার রাজিব অভিযোগ করেন, “আমি বসের ব্যাগ গাড়িতে তুলছিলাম। হঠাৎ তিনি এসে বাধা দেন। ব্যাগ নিয়ে নির্জন স্থানে যেতে বলেন। অস্বীকার করলে আমার কলার চেপে ধরে। পরে জনতা জড়ো হলে তিনি পরিদর্শক পরিচয় দিয়ে চলে যান।” অভিযোগের বিষয়ে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক বিদ্যুৎ বিহারি নাথ বলেন, “আমি ভেবেছিলাম রাজিবের ব্যাগ সন্দেহজনক। তাই তল্লাশির জন্য গিয়েছিলাম। পরে দৈনিক জবাবদিহি পত্রিকার সম্পাদক তার পরিচয় দিলে আমি তল্লাশি ছাড়াই চলে আসি। সেসময় আমার কাছে পরিচয়পত্র ছিল না, কারণ আমি রাতের খাবারের জন্য বাইরে বের হয়েছিলাম।” তিনি আরো বলেন, আমি ব্যাগ তল্লাশি করতে চাইলে আক্তার হোসেন রিন্টু আমারে ওপর মেজাজ দেখান, আমার তল্লাশির ভিডিও করতে চান। যখন তখন ভিডডিও করাতো ঠিক নয়।তাই আমি উনাকে ভিডিও করতে নিষেধ করি। এতে তিনি আরো ক্ষেপে যান।”তবে শারীরিকভাবে হেনস্তার অভিযোগে তিনি কোনো

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে জনপ্রিয় হচ্ছে বস্তায় আদা চাষ

নিজস্ব প্রতিবেদক

ভেষজ গুণে সমৃদ্ধ আদা শুধু মসলা নয়, চা কিংবা ওষুধ হিসেবেও ব্যবহৃত হয়ে আসছে যুগ যুগ ধরে। কিন্তু মেহেরপুরের চাহিদার বেশির ভাগই এতদিন বাইরে থেকে আমদানি করতে হতো। তবে এখন জেলার কৃষকরা নতুন আশার আলো দেখছেন বস্তায় আদা চাষে। কৃষি বিভাগের পরামর্শে পতিত জমি, আম-লিচুর বাগান, বাড়ির আঙিনা কিংবা ছাদে বস্তা ব্যবহার করে আদা চাষ শুরু করেছেন অনেক কৃষক। প্রতি বস্তায় সার-মাটি মিলিয়ে খরচ হয় ৫০ থেকে ৬০ টাকা। এতে দেড় থেকে তিন কেজি পর্যন্ত আদা উৎপাদন হয়। যা পাইকারি বাজারে কেজিপ্রতি ১৮০-২০০ টাকায় বিক্রি হচ্ছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তথ্যমতে, বর্তমানে জেলায় প্রায় ২৮ হাজার ৪০০ বস্তায় আদা চাষ করা হচ্ছে। কৃষকদের মতে, এই পদ্ধতিতে জায়গা কম লাগে, খরচও কম এবং পরিচর্যা সহজ। ফলে লাভবান হচ্ছেন তারা। মুজিবনগরের কোমরপুর গ্রামের কৃষক তোফাজ্জেল হোসেন চঞ্চল বলেন, “এক হাজার সাতশ বস্তায় আদা চাষ করেছি। খরচ কম,

২-এর পৃষ্ঠা দেখুন




## গ্রাম আদালত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা প্রশাসনের আয়োজনে এবং স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের আওতাও মেহেরপুরে গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্পের বাস্তবায়নে গ্রাম আদালত কার্যক্রমের

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুর সদর উপজেলায় সাঁতার প্রতিযোগিতা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলা জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষার ক্রীড়া সমিতির উদ্যোগে ৫২তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার অংশ হিসেবে সাঁতার প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।গতকাল মঙ্গলবার (২৩ সেপ্টম্ব) সকালে গোভীপুরের একটি পুকুরে সাঁতার প্রতিযোগিতার আয়োজন করা হয়। প্রতিযোগিতায় সদর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছেলে ও মেয়েরা অংশ নেয়। সকাল থেকেই প্রতিযোগিতাকে ঘিরে অংশগ্রহণকারী শিক্ষার্থী, শিক্ষক

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে দুই ব্যবসায়ীর জরিমানা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনীতে পাটজাত মোড়কের পরিবর্তে প্লাস্টিক ও পলিথিন ব্যাগ ব্যবহার করায় দুই ব্যবসায়ীকে মোট ৪ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। গতকাল মঙ্গলবার (২৩ সেপ্টম্বর) দুপুরে এ অভিযান পরিচালনা করেন গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট নাবিদ হোসেন।

২-এর পৃষ্ঠা দেখুন

## সাংবাদিক কন্যার ইন্তেকাল

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর প্রেস ক্লাবের সাবেক সাধারণ সম্পাদক সাংবাদিক রফিক উল আলমের কন্যা নাজনীন নাহার (৩৮) ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। দীর্ঘদিন ক্যান্সারে ভুগে মঙ্গলবার বিকেলে মেহেরপুর শহরের তাহের ক্লিনিকে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষনিঃশ্বাস ত্যাগ করেন। পারিবারিক সূত্রে জানা গেছে, বিভিন্ন স্থানে চিকিৎসা নেওয়ার পরও অবস্থার উন্নতি না হওয়ায় তিনি মেহেরপুরেই চিকিৎসাধীন ছিলেন। আজ বুধবার সকালে মরহুমার শ্বশুরবাড়ি চুয়াডাঙ্গা জেলায় জানাজা শেষে দাফন সম্পন্ন হবে। তার মৃত্যুতে

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে জেলা প্রশাসনের বিভিন্ন কমিটির মাসিক সভা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা, ভোক্তা অধিকার, দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ টাস্কফোর্স এবং সার ও বীজ মনিটর কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এসব সভা হয়। সভাগুলোতে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. মোঃ আবদুল ছালাম। এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার জামিনুর রহমান খান, সদর উপজেলা

২-এর পৃষ্ঠা দেখুন



## শৈলকুপায় প্রতিমা ভাঙচুর, একজন গ্রেপ্তার

নিজস্ব প্রতিবেদক

ঝিনাইদহের শৈলকুপায় প্রতিমা ভাঙচুরের ঘটনা ঘটেছে। এ ঘটনায় সিসিটিভি ফুটেজ দেখে পুলিশ মঞ্জের আলী নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে। সোমবার ভোরে উপজেলার ফুলহারি হরিতলা পূজা মন্দিরে এ ঘটনা ঘটে। ফুটেজে দেখা যায়, মঞ্জের আলী মন্দিরে প্রবেশ করে প্রতিমার মাথা ভেঙে পানিতে ফেলে দেন। এতে অসুর, কার্তিক ও সরস্বতীসহ ছয়টি প্রতিমা ক্ষতিগ্রস্ত হয়। মন্দির কমিটির সভাপতি

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে সহোদর ভাইয়ের হামলায় ভাই জখম

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার বেতবাড়িয়া গ্রামে পারিবারিক বিরোধকে কেন্দ্র করে সহোদর ভাইয়ের হামলায় কালাম হোসেন (৪০) নামের এক যুবক রক্তাক্ত জখম হয়েছেন। এ ঘটনায় তার ঘরের আসবাবপত্র ভাঙচুর ও নগদ অর্থ লুটের অভিযোগ উঠেছে। ঘটনাটি ঘটেছে গত সোমবার (২২ সেপ্টেম্বর) সন্ধ্যায়। আহত কালাম হোসেন উপজেলার বেদবাড়িয়া পূর্বপাড়ার মেসের আলীর ছেলে। বর্তমানে তিনি গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন। স্থানীয় সূত্রে জানা যায়, ওই দিন সন্ধ্যায় পারিবারিক বসতভিটা নিয়ে কথা কাটাকাটির একপর্যায়ে লালন হোসেন তার

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে উপজেলা স্তরের দাবা প্রতিযোগিতা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলা জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষার ক্রীড়া সমিতির উদ্যোগে ৫২তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার অংশ হিসেবে উপজেলা পর্যায়ের দাবা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানটি গোভীপুর মাধ্যমিক বিদ্যালয়ের মিলনায়তনে আয়োজন করা হয়।বালক বড় গ্রুপে চ্যাম্পিয়ন হয়েছেন মেহেরপুর সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের আরদিন আদনান, বালিকা বড় গ্রুপে মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও বিএম কলেজের আনিকা তাবাসসুম

২-এর পৃষ্ঠা দেখুন

## ফেব্রুয়ারির প্রথমার্ধে নির্বাচন আয়োজনে ব্যাপক প্রস্তুতি নিচ্ছে সরকার: প্রধান উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস বলেছেন, আগামী বছরের ফেব্রুয়ারির প্রথমার্ধে অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ জাতীয় নির্বাচন আয়োজনের লক্ষ্যে সরকার ব্যাপক প্রস্তুতি নিচ্ছে। সোমবার নিউইয়র্কে যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক বিশেষ দূত এবং ভারতের জন্য মনোনীত রাষ্ট্রদূত সার্জিও গোরের সঙ্গে বৈঠককালে তিনি এ কথা বলেন। অধ্যাপক ইউনূস বলেন, ‘ফেব্রুয়ারিতেই নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচন হবে অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ। দেশ এ জন্য সম্পূর্ণ প্রস্তুত।’ বৈঠকে সার্জিও গোর প্রধান উপদেষ্টার নেতৃত্বের প্রশংসা এবং যুক্তরাষ্ট্র বাংলাদেশের প্রতি সহায়তা অব্যাহত রাখবে বলে প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। বৈঠকে বাণিজ্য, দক্ষিণ এশীয় আঞ্চলিক সহযোগিতা, সার্ক পুনরুজ্জীবন, রোহিঙ্গা সংকট এবং ঢাকাকে লক্ষ্য করে পরিচালিত ভ্রান্ত তথ্য প্রচারসহ দ্বিপক্ষীয় ও আঞ্চলিক নানা ইস্যু নিয়ে আলোচনা হয়। প্রধান উপদেষ্টা কক্সবাজারে বসবাসরত ১০ লাখেরও বেশি রোহিঙ্গার জন্য যুক্তরাষ্ট্রের অব্যাহত সহযোগিতা কামনা করেন। জবাবে মার্কিন কর্মকর্তারা রোহিঙ্গাদের জন্য

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

### অনুবাক্য

**মামুনুর রশিদ মামুন**

**খবর {ওমর ফারুক মামুনের দৃষ্টান্ত}**

কর্ম মানুষকে পথ দেখায়
স্বপ্নই সাফল্য বয়ে আনে ঠিক
অন্ধ হয়েও সফলতার
শিক্ষার একটি ভালো দিক।
প্রতিবন্ধী মানুষ বলে
করোনা তাকে ঘৃণা
সোনার হরিণ ধরবে ঠিকই
করোনা তাকে মানা ।
এসএসসিতে চোখ হারালাম
আশা গেল হারিয়ে
মনের বল ছিল আমার
একটু দিলাম বাড়িয়ে।
বিশ্বখ্যাত পুরস্কারটি
জুটলো আমার কপালে
অন্ধ হয়েও আজকে আমি
উঠলাম সবার উপরে।




## আমদহ ইউনিয়ন পরিষদে মাঝে চাল ও গাছের চারা বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন পরিষদের উদ্যোগে চক্রে ভিজিডি নির্বাচিত উপকারভোগী মহিলাদের মাঝে ৩০ কেজি করে চাল বিতরণ করা হয়েছে। গতকাল মঙ্গলবার (২৩ সেপ্টমম্বর) আমদাহ

২-এর পৃষ্ঠা দেখুন

## দামুড়হুদায় যুবককে কুপিয়ে জখম

নিজস্ব প্রতিবেদক

চুয়াডাঙ্গার লোকনাথপুরে শাহিন বিশ্বাস (৩০) নামের এক যুবককে কুপিয়ে জখম করা হয়েছে। গতকাল মঙ্গলবার (২৩ সেপ্টেম্বর) সকাল ৭টার দিকে এ ঘটনা ঘটে। আহত শাহিন দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের লোকনাথপুর গ্রামের স্কুলপাড়ার ওমর আলী বিশ্বাসের ছেলে। তিনি কৃষি কাজের উপর নির্ভরশীল। হাউলী ইউনিয়ন পরিষদের (ইউপি) সদস্য রিকাত আলী বলেন, পূর্বে মারামারির ঘটনাকে কেন্দ্র করে একই এলাকার মাসুমের সঙ্গে পূর্ব বিরোধ চলে আসছিল শাহিন

২-এর পৃষ্ঠা দেখুন



হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ বুধবার ॥ ৯ আশ্বিন ১৪৩২ বাংলা ॥ ২৪ সেপ্টেম্বর ২০২৫ইং

# কেন ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দিচ্ছে না যুক্তরাষ্ট্র?

সূর্যোদয় প্রতিবেদন

ফিলিস্তিন ইস্যুতে শুরু থেকেই যুক্তরাষ্ট্র দুই রাষ্ট্রভিত্তিক সমাধানের পক্ষে। অর্থাৎ, ইসরায়েল ও ফিলিস্তিনড়উভয়েই আলাদা রাষ্ট্র হিসেবে স্বীকৃতি পাবে। কিন্তু বাস্তবে যুক্তরাষ্ট্র এখন পর্যন্ত ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে মানতে রাজি হয়নি। এমনকি সম্প্রতি জাতিসংঘে ফিলিস্তিনের পূর্ণ সদস্যপদ প্রস্তাবে ভেটো প্রয়োগ করেছে ওয়াশিংটন। ফলে প্রশ্ন উঠছেড়কেন যুক্তরাষ্ট্র এখনও এমন অবস্থানে অটল? দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরপরই ইসরায়েল-ফিলিস্তিন সংকটে যুক্তরাষ্ট্র সক্রিয় ভূমিকা নিতে শুরু করে। ১৯৪৮ সালে ইসরায়েল রাষ্ট্র প্রতিষ্ঠিত হলে প্রথম দেশ হিসেবে যুক্তরাষ্ট্রই তাকে স্বীকৃতি দেয়। তবে প্রতিবেশী আরব দেশগুলো এর বিরোধিতা করে একের পর এক যুদ্ধে জড়িয়ে পড়ে। ১৯৭৩ সালের আরব-ইসরায়েল যুদ্ধের পর আরব দেশগুলো যুক্তরাষ্ট্রের ওপর তেল নিষেধাজ্ঞা আরোপ করে। ওই সময় ফিলিস্তিনি আন্দোলনও আন্তর্জাতিক স্বীকৃতি পেতে শুরু করে। ১৯৭৪ সালে আরব লীগ ফিলিস্তিনি মুক্তি সংস্থাকে (পিএলও) ফিলিস্তিনি জনগণের একমাত্র বৈধ প্রতিনিধি হিসেবে ঘোষণা দেয়। বিশ্লেষকদের মতে, মধ্যপ্রাচ্য দীর্ঘদিন ধরে যুক্তরাষ্ট্রের জন্য কৌশলগতভাবে গুরুত্বপূর্ণ। এ অঞ্চলে তেল ও প্রাকৃতিক সম্পদের নিরাপত্তা, ইরানি প্রভাব ঠেকানো, সন্ত্রাসবাদ দমন এবং ইসরায়েলসহ মিত্র রাষ্ট্রগুলোর নিরাপত্তা নিশ্চিত করাই মার্কিন নীতির মূল উদ্দেশ্য। তবে ফিলিস্তিনকে স্বীকৃতি না দেওয়ার অন্যতম বড় কারণ হলো যুক্তরাষ্ট্রের অভ্যন্তরীণ রাজনীতি। দেশটিতে ইহুদি ও ইভানজেলিক খ্রিস্টান ভোটারদের কাছে ইসরায়েল সমর্থন একটি গুরুত্বপূর্ণ ইস্যু। ইহুদিরা ঐতিহাসিকভাবে ডেমোক্র্যাটদের সমর্থন দিয়ে আসছে, অন্যদিকে ইভানজেলিক খ্রিস্টানরা রিপাবলিকানদের বড় ভোট ব্যাংক। উভয় ক্ষেত্রেই ইসরায়েলের নিরাপত্তা সমর্থন পাওয়া নীতিগত প্রতিশ্রুতি হয়ে দাঁড়িয়েছে। জাতিসংঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য দেশগুলোর মধ্যে চীন ও রাশিয়া আগেই ফিলিস্তিনকে স্বীকৃতি দিয়েছে। যুক্তরাজ্য ও ফ্রান্সও সম্প্রতি ইতিবাচক পদক্ষেপ নিয়েছে। ফলে এখন কেবল যুক্তরাষ্ট্রই স্বীকৃতি দিতে বাকি। কিন্তু ট্রাম্প প্রশাসন যুক্তি দিচ্ছে, ফিলিস্তিনকে

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## হঠাৎ ভুলে যাওয়াকে কাটানোর সহজ চার উপায়

সূর্যোদয় প্রতিবেদন

ঘরে ঢুকলেন, কিন্তু কেন ঢুকলেন তা মনে নেই? কাজের চাপ বা মানসিক ব্যস্ততা বাড়লে এমন ঘটনা স্বাভাবিক। বিশেষজ্ঞরা এটিকে 'ব্রেইন ফগ' বলেন। ড. থারাকা বলছেন, ব্রেইন ফগ কোনো রোগ নয়, এটি মনোযোগ হারানো বা মানসিক ক্লান্তির একটি উপসর্গ। এ থেকে মুক্তির জন্য চারটি সহজ উপায় আছে: ১. নিজের প্রতি সদয় হোন: ব্রেইন ফগ যে কারো হতে পারে। এটা দুর্বলতার লক্ষণ নয়। ধীরে কাজ করুন, প্রয়োজন হলে সাহায্য নিন। ২. রুটিন তৈরি করুন: প্রতিদিনের কাজ পরিকল্পিত রাখলে মস্তিষ্কের চাপ কমে। সকালে ও রাতে নির্দিষ্ট রুটিন, জামা বা নাশতা আগে থেকে প্রস্তুত রাখুন। ৩. বিরতি নিন: কাজের মাঝে ছোট বিরতি রাখুন। হালকা স্ট্রেচিং, পানি খাওয়া বা কিছুক্ষণ বাইরে দাঁড়িয়ে থাকা

৩-এর পৃষ্ঠা দেখুন



## গ্রাম পুলিশদের দেওয়া হলো দুর্গোৎসব সংক্রান্ত বিশেষ দিকনির্দেশনা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার গ্রাম পুলিশদের আগামী শারদীয় দুর্গোৎসব সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য বিশেষ দিকনির্দেশনা প্রদান করা হয়েছে। গতকাল মঙ্গলবার (২৩ সেপ্টেম্বর) দুপুরে উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলা প্রশাসনের আয়োজনে অনুষ্ঠিত সভায় উপজেলার সকল গ্রাম পুলিশ উপস্থিত ছিলেন। সভায় সভাপতিত্ব করেন সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম। তিনি গ্রাম পুলিশদের উদ্দেশে বলেন, "অর্পিত দায়িত্ব সততা ও নিষ্ঠার সঙ্গে পালন করতে হবে। দুর্গোৎসব চলাকালে আইন-শৃঙ্খলা রক্ষা ও সার্বিক নিরাপত্তায় সর্বোচ্চ সতর্ক থাকতে হবে। কোন প্রকার অবহেলা বরদাশত করা হবে না।" ইউএনও আরও জানান, প্রতিটি পূজামণ্ডপে গ্রাম পুলিশদের সার্বক্ষণিক তৎপর থাকতে হবে এবং ভক্ত-দর্শনার্থীদের নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি মাদক, জুয়া ও অসামাজিক কর্মকাণ্ড

৩-এর পৃষ্ঠা দেখুন

## প্রতীক 'শাপলা' না হলে নির্বাচন কীভাবে হয় দেখে নেবো: সারজিস

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) দলীয় প্রতীক হিসেবে 'শাপলা' পেতেই হবে, অন্য কোনো বিকল্প নেই বলে মন্তব্য করেছেন দলটির উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম। তিনি হুঁশিয়ারি দিয়ে বলেন, শাপলা প্রতীক না দেওয়া হলে নির্বাচন কীভাবে হয় এবং কে কীভাবে ক্ষমতায় যাওয়ার স্বপ্ন দেখে, সেটাও সবাইকে দেখানো হবে। মঙ্গলবার বিকেলে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে সারজিস এ মন্তব্য করেন। তিনি লিখেন, "ইলেকশন কমিশন সচিব বলেছেন, মার্কার তালিকায় শাপলা নেই, তাই এনসিপি শাপলা প্রতীক পাচ্ছে না। তার মানে কোনো আইনগত বাধা নয়; বরং তালিকায় না থাকার কারণে

৩-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরের জেলা বিএনপির সাধারণ সম্পাদকের লিফলেট বিতরণ ও গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের ৬ ও ৭নং ওয়ার্ডে বিএনপির ৩১ দফা দাবি প্রচারে লিফলেট বিতরণ ও গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার (২৩ সেপ্টেম্বর) বিকেলে বারাকপুর ও রাধাকান্তপুর গ্রামে জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এ কর্মসূচি পরিচালিত হয়। এ সময় তিনি এলাকাবাসীর হাতে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট তুলে দেন এবং স্থানীয়দের সঙ্গে মতবিনিময় করেন। গণসংযোগ কর্মসূচিতে জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা অংশ নেন। তাদের মধ্যে ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সাবেক সদস্য আলমগীর খান ছাতু, সদর উপজেলা বিএনপির সভাপতি

৩-এর পৃষ্ঠা দেখুন

## সংসদ নির্বাচনে কাউকেই সবুজ সংকেত দেওয়া হয়নি: রিজভী

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় সংসদ নির্বাচনে কাউকেই সবুজ সংকেত দেওয়া হয়নি বলে জানিয়েছেন বিএনপির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। তিনি বলেন, দলীয় প্রার্থী চূড়ান্ত করবে পার্লামেন্টারি বোর্ডই। মঙ্গলবার দুপুরে রাজধানীর নয়া পল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে এক জরুরি সংবাদ সম্মেলনে তিনি এ মন্তব্য করেন। সাম্প্রতিক সময়ে বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত মনোনয়ন সংক্রান্ত খবরের প্রতিক্রিয়ায় রিজভী বলেন, "কোনো নির্বাচনী এলাকায় কোনো প্রার্থীকে গ্রিন সিগন্যাল বা সবুজ সংকেত দেওয়া হয়নি। প্রত্যাশীদের মধ্যে দলীয় কার্যক্রমে যার পারফরম্যান্স ভালো, তাকেই প্রার্থী করা হবে। বিএনপির মনোনয়ন কোনো 'সবুজ সংকেতের মাধ্যমে' দেওয়া হয় না।" তিনি আরও বলেন, "জাতীয় সংসদ নির্বাচনে দলের

৩-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে জামায়াতে ইসলামী'র গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের খোকসা গ্রামে গতকার মঙ্গলবার (২৩ সেপ্টম্বর) বিকেল ৫টায় বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। এ সময় মেহেরপুর সদর উপজেলা সাধারণ সম্পাদক ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল মাষ্টার, আমঝুপি ইউনিয়ন মহসিন আলী, আমঝুপি ওলামা বিভাগের সভাপতি মাওলানা ইয়াছিন আলী, আমঝুপি ইউনিয়ন সেক্রেটারি রকিবুল আলম মুক্ত, খোকসা ওয়ার্ড সভাপতি মামুনুর রশিদ ও ওয়ার্ড সেক্রেটারি রজব আলীসহ অসংখ্য নেতাকর্মী উপস্থিত ছিলেন। গণসংযোগে আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনসম্পৃক্ততা বাড়ানো এবং দলীয় প্রার্থীর পক্ষে সর্বাত্মক সমর্থন প্রদানের আহ্বান জানানো হয়।



## মেহেরপুরের মোমিনপুরে মাঠ দিবস অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদরের মোমিনপুরে যশোর অঞ্চলের টেকসই কৃষি সম্প্রসারণ প্রকল্পের আওতায় কৃষকদের নিয়ে মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে।গতকাল মঙ্গলবার (২৩ সেপ্টেম্বর) বিকেল সাড়ে ৫টায় মোমিনপুর কেন্দ্রীয় ঈদগাহ ময়দানে এ মাঠ দিবসের আয়োজন করা

৩-এর পৃষ্ঠা দেখুন



## চুয়াডাঙ্গায় দুই ফার্মেসিকে জরিমানা

নিজস্ব প্রতিবেদক

চুয়াডাঙ্গায় ওষুধ প্রশাসনের অভিযানে দুই ফার্মেসিকে ৩ হাজার ৫'শ টাকা জরিমানা করা হয়েছে। মঙ্গলবার (২৩ সেপ্টেম্বর) বেলা ৪টা থেকে ৫টা পর্যন্ত পৌর শহরের সিনামা হলপাড়া ও মুক্তিপাড়ার বিভি-ন্ন ফার্মেসিতে তদারকিমূলক এ অভিযান পরিচালনা করা হয়।

৩-এর পৃষ্ঠা দেখুন

## ফখরুলের সাক্ষাৎকার ঘিরে বিভ্রান্তি, পাল্টাপাল্টি বক্তব্যে রাজনীতিতে তোলপাড়

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের পশ্চিমবঙ্গের বাংলা দৈনিক এই সময় পত্রিকায় প্রকাশিত বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের একটি সাক্ষাৎকার ঘিরে দেশে তুমুল আলোচনা-সমালোচনা শুরু হয়েছে। এ নিয়ে বিএনপি ও জামায়াতে ইসলামী পাল্টাপাল্টি বক্তব্য দিয়েছে। বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান জানিয়েছেন, সাক্ষাৎকারের পর দেশের কিছু গণমাধ্যম ভিন্ন ভিন্ন শিরোনাম ও ব্যাখ্যা দিয়ে খবর প্রকাশ করছে। বিষয়টি মহাসচিবকে অবহিত করলে

৩-এর পৃষ্ঠা দেখুন

## 'সব দলই ভারতকে হারাতে পারে, বাংলাদেশেরও বিশ্বাস আছে'

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ দলের প্রধান কোচ ফিল সিমন্স মনে করেন, সব দলেরই ভারতকে হারানোর সুযোগ আছে। যদিও মাঠে তাঁর মুখ গম্ভীর থাকে, কথায় যেন ঝরে পড়ে আত্মবিশ্বাস। শ্রীলঙ্কাকে ৪ উইকেটে হারানোর পরও সাংবাদিকদের সঙ্গে সংক্ষিপ্ত আলাপে সিমন্স বললেন, "আমি এমন একজন, যে আবেগ নিয়ন্ত্রণ করতে পারে। আমরা শুধু শ্রীলঙ্কার বিপক্ষে ম্যাচ জিততে আসিনি, আমরা এসেছি চ্যাম্পিয়ন হতে। বাদ পড়লে বা চ্যাম্পিয়ন হলে তখনই আবেগ দেখা যাবে। তবে এখন আমাদের কাজ ড্রেসিংরুমে সবার পা মাটিতে রাখা।" গ্রুপ পর্বে রানার্সআপ হলেও বাংলাদেশ সুপার ফোরে দারুণ শুরু করেছে। শ্রীলঙ্কাকে হারানোর পর তারা ভারতের মুখোমুখি হচ্ছে সুপার ফোরের দ্বিতীয় ম্যাচে। ভারতের বিপক্ষে জয়ের সম্ভাবনা নিয়ে প্রশ্ন করলে সিমন্স বলেন, "সব দলেরই ভারতকে হারানোর সক্ষমতা আছে। খেলাটা হয় একটা নির্দিষ্ট দিনে। ভারত আগে কী করেছে, সেটা তখন কোনো কাজে আসে না। ম্যাচের দিন, ওই সাড়ে তিন ঘণ্টায় কী হলোড় সেটাই আসল। আমরা আমাদের সেরাটা খেলব, ভারতের ভুলের অপেক্ষায় থাকব। এভাবেই ম্যাচ জেতা যায়।" ভারতের বিপক্ষে

৩-এর পৃষ্ঠা দেখুন

## সৌদি আরব ও ফ্রান্স ইসরায়েলের জন্য 'রেড লাইন' ঘোষণা

সূর্যোদয় প্রতিবেদন

স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠার লক্ষ্যে জাতিসংঘে অনুষ্ঠিত উচ্চপর্যায়ের সম্মেলনের পরে সৌদি আরব ও ফ্রান্স স্পষ্টভাবে ইসরায়েলের জন্য 'রেড লাইন' ঘোষণা করেছে। তারা জানিয়েছে, ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়ার পর সেখানে বসতি স্থাপন বা দখলদারির যে কোনও চেষ্টা আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য নয় এবং তা রেড লাইন হিসেবে বিবেচিত হবে। সোমবার নিউইয়র্কে জাতিসংঘের সদর দফতরে সম্মেলনের আয়োজন করা হয়। এতে ফ্রান্স,

৩-এর পৃষ্ঠা দেখুন

প্রযুক্তি

## আইফোনে চারটি বাটন: কী কাজ করে জানেন কি?

সূর্যোদয় প্রতিবেদন

নতুন আইফোন মডেলগুলোতে চারটি গুরুত্বপূর্ণ বাটন আছে, যেগুলো ব্যবহার করলে ফোন আরও সুবিধাজনক হয়। সাইড বাটন: একবার চাপলেই স্ক্রিন লক বা চালু হয়, দীর্ঘ চাপলে সিরি, দুবার চাপলে অ্যাপল পে এবং তিনবার চাপলে অ্যাকসেসিবিলিটি শর্টকাট। ভলিউম বাটন: সাউন্ড নিয়ন্ত্রণের পাশাপাশি ক্যামেরা অ্যাপে ছবি তোলার কাজও করে। ভলিউম + সাইড বাটন একসাথে স্ক্রিনশট, ভলিউম ডাউন + সাইড ধরে রাখলে জরুরি কল ও আইফোন বন্ধ করার অপশন আসে। অ্যাকশন বাটন (আইফোন ১৫ প্রো ও পরবর্তী): ডিফল্টভাবে সাইলেন্ট মোড, তবে ফোকাস মোড, ক্যামেরা, ফ্ল্যাশলাইট, ভয়েস মেমো, অনুবাদ টুলসহ নানা কাজের জন্য কাস্টমাইজ করা যায়। ক্যামেরা কন্ট্রোল বাটন (আইফোন ১৬ ও ১৭): একবার চাপলেই ক্যামেরা চালু, ধরে রাখলে ভিডিও রেকর্ড, দুইবার চাপলে জুম ও



৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✓ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✓ এক্স-রে ✓ আল্ট্রাসনোগ্রাফি ✓ হরমন এনালাইসিস ✓ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✓ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✓ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদ রোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেজ্ঞ
এম.বি.বি.এস (ডি.ইউ)
বি.সি.এস (স্বাস্থ্য),
ডি-কার্ড কার্ডিওলজি),
এফ.সি.পি.এস মেডিসিন).
সি.সি.ডি (বারডেম)
এক্স রেসিডেন্ট,
কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।



ডাঃ মোঃ শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেস্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগরিসিপশন: 01754974466, 01724-787313
মার্কেটিং: 01304-100307, 1304-100308

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
উরোলজি বিশেষজ্ঞ
ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)
কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।
রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
মেডিসিন বিশেষজ্ঞ
ডা. মো. আতিকুর রহমান
এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।
রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)
ডা. মো. মোক্তাদ্দিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা।
ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।
রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।
ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)
আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, বুধবার, ২৪ সেপ্টেম্বর ২০২৫ ইং

## দৃষ্টিশক্তিহীনতার দেয়াল পেরিয়ে- মামুনের প্রেরণাদায়ী যাত্রা

প্রতিবন্ধকতা কখনও স্বপ্নকে থামিয়ে রাখতে পারে না এই সত্যের জীবন্ত উদাহরণ মুজিবনগরের শিবপুর গ্রামের দৃষ্টিপ্রতিবন্ধী যুবক ওমর ফারুক মামুন। শৈশবে গ্লুকোমায় আক্রান্ত হয়ে দু'চোখের দৃষ্টিশক্তি হারালেও তিনি থেমে থাকেননি। বরং প্রযুক্তি ও অধ্যবসায়ের মাধ্যমে জয় করেছেন কম্পিউটার ও ইন্টারনেটের জগৎ। মামুন আজ শুধু একজন দৃষ্টিপ্রতিবন্ধী যুবক নন, বরং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে পুরস্কৃত একজন সফল উদ্যোক্তা, প্রশিক্ষক ও স্বপ্নস্রষ্টা। তিনি মেহেরপুর সরকারি সমাজসেবা অফিসে কম্পিউটার প্রশিক্ষক হিসেবে কর্মরত এবং টানা দু'বার সেরা উদ্যোক্তার স্বীকৃতি অর্জন করেছেন। অভাব-অনটন, শারীরিক সীমাবদ্ধতা কিংবা দৃষ্টিশক্তিহীনতাড়কোনো কিছুই তার অগ্রযাত্রাকে রুখতে পারেনি। বিশেষ সফটওয়্যার ও অ্যাপস ব্যবহার করে তিনি কম্পিউটার ও মোবাইলের জগৎ আঙুলের স্পর্শ ও কানে শোনার মাধ্যমে আয়ত্ত করেছেন। ২০০৬ সালে দক্ষিণ এশিয়ার একমাত্র দৃষ্টিপ্রতিবন্ধী কম্পিউটার প্রশিক্ষক হিসেবে মালয়েশিয়ায় আন্তর্জাতিক সম্মেলনে অংশ নেন তিনি। মুজিবনগরের কেদারগঞ্জ বাজারে প্রতিষ্ঠিত তার প্রশিক্ষণ কেন্দ্র থেকে প্রায় চার হাজার শিক্ষার্থী দক্ষ হয়ে স্বাবলম্বী হয়েছেন। তার যাত্রা কেবল প্রযুক্তি বা কর্মসংস্থানের মধ্যে সীমাবদ্ধ নয়। তিনি বই লিখেছেন, ফ্রি হোমিও চিকিৎসা সেবা চালু করেছেন এবং সমাজে দৃষ্টান্ত স্থাপন করেছেন। শিক্ষার্থীরা তার ক্লাসে প্রেরণা খুঁজে পান, কর্মকর্তারা তার দৃঢ় মানসিকতায় বিস্মিত হন।বলতে হয়, ওমর ফারুক মামুনের জীবনকথা শুধু ব্যক্তিগত সংগ্রামের গল্প নয়, এটি আমাদের সমাজের জন্যও এক অনন্য শিক্ষণীয় অধ্যায়। রাষ্ট্র ও সমাজ যদি প্রতিটি প্রতিবন্ধী নাগরিককে যথাযথ সহায়তা, প্রশিক্ষণ ও সুযোগ দিতে পারে, তবে তারা কেবল নিজের জীবন নয়, সমাজকেও সমৃদ্ধ করতে সক্ষম হবে। মামুনের মতো মানুষরা আমাদের মনে করিয়ে দেন প্রতিবন্ধকতা নয়, বরং ইচ্ছাশক্তি ও অধ্যবসায়ই জীবনের আসল চালিকা শক্তি।

উম্মে তানিয়া অনুরাগী

## নারীর ক্ষমতায়ন: দায় কেবল নারীর নয়



নারীর ক্ষমতায়ন আজ নতুন কোনো বিষয় নয়। উন্নয়ন, রাজনীতি, শিক্ষা কিংবা কর্মসংস্থান সবক্ষেত্রেই এই শব্দগুচ্ছ উচ্চারিত হয়। অথচ প্রশ্ন থেকে যায় ক্ষমতায়নের দায়িত্ব কি শুধুই নারীর কাঁধেই? আমরা প্রায়ই দেখি, নারীকে বলা হয় "তোমাকেই সংগ্রাম করতে হবে, নিজেকে প্রমাণ করতে হবে, সমাজে জায়গা করে নিতে হবে।" কিন্তু বাস্তবতা আলাদা। নারীর ক্ষমতায়ন কখনো এককভাবে নারীর দায়িত্ব নয়। এটি পরিবার, সমাজ ও রাষ্ট্র সব মিলেই বহন করতে হয়। প্রথম ও প্রাথমিক ক্ষেত্র হলো পরিবার। সন্তান লালন-পালন, শিক্ষাদান, মূল্যবোধ চর্চা সব ক্ষেত্রে নারী-পুরুষ উভয়ের সমান দায়িত্ব থাকা প্রয়োজন। কেবল মেয়েদের ওপর দায়িত্ব চাপিয়ে দিলে প্রকৃত ক্ষমতায়ন সম্ভব নয়। মেয়েরা যদি সমান সুযোগ, সমান সহায়তা এবং সমান স্বাধীনতা পায়, তবেই তারা আত্মনির্ভরশীল হয়ে উঠতে পারে।

এ ক্ষেত্রে পিতামাতার সমন্বিত ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। শিক্ষা হলো ক্ষমতায়নের মূল চালিকা শক্তি।

কিন্তু শুধু স্কুল বা কলেজে ভর্তি করলেই হবে না; মেয়েদের জন্য শিক্ষার মানসম্মত পরিবেশ তৈরি করতে হবে, যেখানে তারা সৃজনশীলতা, নেতৃত্বগুণ এবং আত্মবিশ্বাসের সঙ্গে নিজেকে গড়ে তুলতে পারবে। শিক্ষিত নারী সমাজে তার স্থান তৈরি করতে সক্ষম হয়, কিন্তু সেই শিক্ষার মূল্য পরিবার ও সমাজের সহায়তা ছাড়া পূর্ণাঙ্গভাবে প্রকাশ পায় না।কর্মসংস্থান ও অর্থনৈতিক স্বাবলম্বিতা নারীর ক্ষমতায়নের অপর একটি গুরুত্বপূর্ণ স্তর। এখানে কেবল চাকরির সুযোগ নয়, বরং সমান বেতন, সুষ্ঠু কর্মপরিবেশ এবং নেতৃত্বে অংশগ্রহণের সুযোগ নিশ্চিত করা প্রয়োজন।

একদিকে নারীরা স্বাধীনভাবে উপার্জন করতে পারবে, অন্যদিকে তাদের পরিবার ও সমাজও এর সুফল ভোগ করবে।রাষ্ট্রের ভূমিকা এ প্রসঙ্গে অতীব গুরুত্বপূর্ণ। আইনগত সুরক্ষা, সামাজিক নিরাপত্তা, নারী-সুলভ নীতি এবং কর্মক্ষেত্রে সমতার নিশ্চয়তা এই সব কিছু নারী ক্ষমতায়নের কাঠামোকে দৃঢ় করে। রাষ্ট্র ও প্রশাসনের সমন্বিত প্রচেষ্টা ছাড়া নারীর ক্ষমতায়ন কল্পনাজনিত হয়ে থাকে।সর্বোপরি, নারীর ক্ষমতায়ন মানে কেবল নারীর ব্যক্তিগত অর্জন নয়। এটি সমগ্র সমাজের উন্নয়নের ভিত্তি। ক্ষমতায়ন কেবল নারীর সংগ্রাম নয়, বরং সমন্বিত দায় যেখানে পরিবার, সমাজ ও রাষ্ট্রকে একযোগে দায়িত্ব নিতে হবে।

তখনই সম্ভব নারী-পুরুষ উভয়ের জন্য সমান সুযোগ, মর্যাদা এবং মর্যাদাপূর্ণ জীবন নিশ্চিত করা।নারীকে সঠিকভাবে ক্ষমতায়ন করা মানে সমাজকে সমৃদ্ধ করা, সম্ভাবনার দ্বার উন্মুক্ত করা। এবং সেই দায়িত্ব কেবল নারীর নয় এটি সকলের। (শিক্ষক ও নারী উদ্যোক্তা)

## ভ্রান্ত ধারণা ভাঙা জরুরি: রুমাল নয়, পাগড়িই সুন্নত

মুহাম্মদ আল আমিন

আজকের আরব সমাজে মাথার ওপর সাদা কিংবা লাল-সাদা খোপ-খোপ রঙের রুমাল এক অপরিহার্য সাজ। রাজপ্রাসাদ থেকে বাজার, মসজিদ থেকে অফিস সবখানেই এর ব্যবহার চোখে পড়ে। অনেক মুসলমান মনে করেন, এটি নিশ্চয়ই নবী করিমের (সা.) সুন্নত। কিন্তু নির্ভরযোগ্য ইতিহাস ও হাদিস বলছে, এ ধারণা ভ্রান্ত। নবী করিম (সা.) অবশ্য মাথা ঢেকে রাখতেন। তিনি টুপি ও পাগড়ি ব্যবহার করতেন। হাদিসে বর্ণিত আছেড়রাসুলুল্লাহ (সা.) মক্কা বিজয়ের দিন কালো পাগড়ি পরে প্রবেশ করেছিলেন (মুসলিম ১৩৫৮), খুতবা দিয়েছেন কালো পাগড়ি মাথায় দিয়ে (তিরমিজি ১৭৩৬) এবং ইবনে উমরের (রা.) বর্ণনায় আছে, তিনি পাগড়ির প্রান্ত কাঁধে ঝুলিয়ে রাখতেন (আবু দাউদ ৪০৭৯)। অতএব, টুপি ও পাগড়ি নিঃসন্দেহে সুন্নতের অন্তর্ভুক্ত। কিন্তু টুপির ওপর আলাদা রুমাল ফেলে রাখার কোনো দলিল নেই। মরুভূমির প্রচণ্ড রোদ ও ধুলিঝড় থেকে রক্ষা পাওয়ার প্রয়োজনে আরবরা বহু আগে থেকেই কাপড় ব্যবহার করলেও তা কেবল প্রয়োজনীয়তা ছিল। আজকের লাল-সাদা বা সাদা রুমাল জনপ্রিয়তা পায় অষ্টাদশ শতকে ওহাবি আন্দোলনের পর। মুহাম্মদ ইবনে আবদুল ওহাবের নেতৃত্বে নাজদ অঞ্চলে এই মতবাদ বিস্তার লাভ করে এবং সৌদি শাসন প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে রুমাল হয়ে ওঠে রাজনৈতিক ও সামাজিক পরিচয়ের প্রতীক। পরবর্তীতে এটি উপসাগরীয় দেশগুলোতে ছড়িয়ে পড়ে। তাই স্পষ্ট মাথার এই রুমাল নবীর সুন্নত নয়, বরং আরবীয় সংস্কৃতির অংশ। অথচ অনেকে ভুল করে এটিকে ধর্মীয় আমল ভেবে বিভ্রান্ত হন। ইসলাম কোনো জাতিগত রীতিকে ধর্মে রূপ দিতে বলেনি। সুন্নত হলো নবীর জীবনাচরণ, আর সংস্কৃতি হলো সামাজিক বাস্তবতা।ইসলামের মূল শিক্ষা হলো সরলতা, মর্যাদা ও বিনয়। পোশাকের উদ্দেশ্য দেহ আচ্ছাদন ও পবিত্রতা। নবীর অনুসরণ মানে শুধু বাহ্যিক সাজ নয়, বরং তাঁর চেতনা ধারণ করা। তাই সুন্নত হিসেবে গ্রহণযোগ্য হলো টুপি ও পাগড়ি, কিন্তু রুমাল নয়।

### মেহেরপুরে জনপ্রিয় হচ্ছে বস্তায় আদা

(প্রথম পৃষ্টার পর)

ঝুঁকি নেই এবং বাজারদরও ভালো। তাই পর্যাপ্ত লাভ হবে।"

একই গ্রামের কৃষক রাজু আহম্মেদ জানান, এ বছর প্রাথমিকভাবে অল্প কিছু বস্তায় আদা চাষ করেছেন। সফল হলে আগামী বছর বড় পরিসরে করবেন। সদর উপজেলার আমঝুপি গ্রামের বোরহান উদ্দিন এবং রাজনগরের জান্নাতুল ফেরদৌসও তাদের আম বাগানের ফাঁকা জায়গায় প্রথমবারের মতো আদা চাষ করেছেন। তারাও আগামীতে চাষ বাড়ানোর পরিকল্পনা করছেন। মুজিবনগর উপজেলা উপ-সহকারী কৃষি কর্মকর্তা সেলিম হোসেন জানান, কৃষকদের পতিত জমিতে বস্তায় আদা চাষে উৎসাহ দেওয়া হচ্ছে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক (ভারপ্রাপ্ত) সামসুল আলম বলেন, "বস্তায় আদা চাষ সময়োপযোগী ও লাভজনক। এতে অনাবাদি জমি কাজে লাগানো যায়। আমরা কৃষকদের প্রশিক্ষণ ও কারিগরি সহায়তা দিচ্ছি।"

### তল্লাশির নামে জবাবদিহির

(প্রথম পৃষ্টার পর)

স্পষ্ট জবাব দিতে পারেননি। ঘটনার বিষয়ে মেহেরপুরের অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত ও চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক ও মো. বেলাল হোসেনকে একাধিকবার মোবাইল করলেও তিনি রিসিভ না করায় তার বক্তব্য নেওয়া সম্ভব হয়নি। এ দিকে এই ঘটনাকে কেন্দ্র করে স্থানীয় জনতা ক্ষোভ প্রকাশ করেছেন। তারা বলছেন, প্রশাসনের পরিচয়ে এ ধরনের হয়রানি বাহিনীর ভাবমূর্তি ক্ষুণ্ন করছে। সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে সঠিক তদন্ত ও প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন তারা।

### গ্রাম আদালত কার্যক্রমের অগ্রগতি

(প্রথম পৃষ্টার পর)

বার্ষিক অগ্রগতি পর্যালোচনা ও করণীয় শীর্ষক সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার (২৩ সেপ্টেম্বর) সকাল ১০টায় জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় স্থানীয় সরকারের উপপরিচালক (ভারপ্রাপ্ত) তরিকুল ইসলাম এর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন সভায় প্রধান অতিথি ছিলেন মেহেরপুরের জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) পার্থ প্রতীম শীল। সভায় জুলাই ২০২৪ থেকে জুন ২০২৫ পর্যন্ত সময়ের মামলা গ্রহণ ও নিস্পত্তির অগ্রগতি, মামলার নথি ব্যবস্থাপনা, গ্রাম আদালতের এখতিয়ার ও ক্ষমতা, প্রচারণা কার্যক্রম এবং আদালত পরিচালনায় প্রতিবন্ধকতা ও করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় প্রকল্পের জেলা ম্যানেজার মো. আছাদুজ্জামান এর সঞ্চালনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ইউএনডিপির প্রতিনিধি ও প্রকল্পের প্রোজেক্ট কো-অর্ডিনেশন অ্যানালিস্ট শংকর পাল, সদর উপজেলার ইউএনও মো. খায়রুল ইসলাম, মুজিবনগরের ইউএনও পলাশ মন্ডল, গাংনীর ইউএনও আনোয়ার হোসেন এবং সহকারী কমিশনার (স্থানীয় সরকার) মো. হাবিবুর রহমান, প্রকল্প সংশ্লিষ্ট পিএফএ শাহাজুল ইসলাম ও তিন উপজেলার সমন্বয়কারী আলমগীর কবির (সদর), বাবুল আক্তার (গাংনী) এবং শাকিলুজ্জামান (মুজিবনগর) স্থানীয় সরকারের সহকারী কমিশনার মোঃ হাবিবুর রহমান প্রকল্পের পিএফএ শাহাজুল ইসলাম, উপজেলা সমন্বয়কারীগণ আলমগীর কবির, মেহেরপুর সদর, বাবুল আক্তার, গাংনী, শাকিলুজ্জামান প্রমুখ।

### মেহেরপুর সদর উপজেলায় সাঁতার

(প্রথম পৃষ্টার পর)

এবং স্থানীয়দের মধ্যে উৎসবমুখর পরিবেশ সৃষ্টি হয়। সাঁতার প্রতিযোগিতায় অংশ নেওয়া শিক্ষার্থীরা একে অপরকে টেক্কা দিয়ে জয়ী হওয়ার চেষ্টা করে, নিজেদের কৌশল ও বুদ্ধিমত্তার মাধ্যমে প্রতিদ্বন্দ্বীর বিপরীতে লড়াই চালিয়ে যায়। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার মনিরুজ্জামান, মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাব্বারুল ইসলাম, ক্রীড়া শিক্ষক ফারহা হোসেন লিটন, আব্দুল কুদ্দুস, সোহেল রানা, আব্দুর রশিদ, জাহাঙ্গীর আলম, মাসুদা খাতুনসহ স্থানীয় শিক্ষক-শিক্ষার্থীরা।

### গাংনীতে দুই ব্যবসায়ীর জরিমানা

(প্রথম পৃষ্টার পর)

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, গাংনী বাজারের চাউল ব্যবসায়ী মনিরুল ইসলাম ও কায়েম আলী পাটজাত মোড়ক ব্যবহার না করে প্লাস্টিক ব্যাগে চাল বিক্রি করছিলেন। এ সময় পাটজাত মোড়কের ব্যবহার নিয়ন্ত্রণ আইন-২০১০ এর ৪ ধারার লঙ্ঘনের অভিযোগে উভয়কে দুই হাজার টাকা করে মোট চার হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানে মেহেরপুর জেলা পাট অফিসার হারুন আর রশিদ, গাংনী থানা পুলিশের একটি টিম ও প্রশাসনের কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সহকারী কমিশনার (ভূমি) নাবিদ হোসেন বলেন, পরিবেশ ও কৃষকের স্বার্থ রক্ষায় ব্যবসায়ীদের পাটজাত মোড়ক ব্যবহার বাধ্যতামূলক। ভবিষ্যতেও এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

### সাংবাদিক কন্যার ইন্তেকাল

(প্রথম পৃষ্টার পর)

মেহেরপুরের সাংবাদিক সমাজ, সুধিজন শোকসপ্ত পরিবারের প্রতি গভীর শোক ও সমবেদনা জানিয়েছেন।

### মেহেরপুরে জেলা প্রশাসনের বিভিন্ন

(প্রথম পৃষ্টার পর)

নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম, গাংনী উপজেলা নির্বাহী অফিসার মোঃ আনোয়ার হোসেন, জেলা কৃষি বিপণন কর্মকর্তা তরিকুল ইসলাম, জেলা সার ব্যবসায়ী সমিতির সভাপতি হাফিজুর রহমান হাপী, খুচরা সার ব্যবসায়ী সমিতির সভাপতি শাহিনুল ইসলাম প্রমুখ। সভায় বক্তারা নিরাপদ খাদ্য নিশ্চিতকরণ, ভোক্তা অধিকার সংরক্ষণ, নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ ও সারের সংকট নিরসনে সমন্বিত পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্ব আরোপ করেন। বিশেষ করে জেলার কৃষকদের জন্য পর্যাপ্ত সার ও বীজের যোগান নিশ্চিত করতে সংশ্লিষ্ট দপ্তরগুলোকে কার্যকর ভূমিকা রাখার আহ্বান জানানো হয়।

### দামুড়হুদায় যুবককে কুপিয়ে জখম

(প্রথম পৃষ্টার পর)

আলীর। এরই জের ধরে আজ মঙ্গলবার সকালে কৃষি কাজে যাওয়ার সময় শাহিনকে ধারাল অস্ত্র দিয়ে কুপিয়ে জখম করে মাসুম। রক্তাক্ত অবস্থায় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে গেলে অবস্থা আশঙ্কা হাওয়ায় চিকিৎসক তাকে, রাজশাহী রেফার্ড করেন। দামুড়হুদা মডেল থানা পুলিশের পরিদর্শক (ওসি) হুমায়ুন কবীর তথ্য নিশ্চিত করে বলেন, প্রাথমিকভাবে জানা গেছে, পূর্বে ভুট্টা শুকানোকে নিয়ে বিরোধ ছিল তাদের মধ্যে। এরই জের ধরে আজ সকালে শাহিনকে কুপিয়েছে। উন্নত চিকিৎসার জন্য রাজশাহী রেফার্ড করেছেন চিকিৎসক। অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে ব্যবস্থা গ্রহন করা হবে।

### আমদহ ইউনিয়ন পরিষদে মাঝে চাল

(প্রথম পৃষ্টার পর)

ইউনিয়ন পরিষদে এ চাল বিতরণ করা হয়।প্রায় ১৪৭ জন উপকারভোগীর মধ্যে চাল বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেন সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম। অনুষ্ঠানে আমদহ ইউনিয়নের চেয়ারম্যান রওশন আলী টোকন, প্রশাসনিক কর্মকর্তা সালমা পারভীন ও ইউপি সদস্য আক্কাস আলী উপস্থিত ছিলেন। একই দিনে মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের উদ্যোগে আমদহ ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে বিভিন্ন প্রজাতির বনজ ও ফলজ গাছের চারা বিতরণ করা হয়েছে। চারা বিতরণকালে সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম বলেন, "একটি গাছ সকলের প্রিয় বন্ধু। গাছ যেমন পরিবেশ রক্ষা করে, তেমনি দুর্দিনে বন্ধুর মতো পাশে দাঁড়ায়। তাই গাছ লাগান, পরিবেশ বাঁচান।"

### প্রধান উপদেষ্টা

(প্রথম পৃষ্টার পর)

জীবনরক্ষাকারী সহায়তা বজায় রাখার আশ্বাস দেন। অধ্যাপক ইউনূস বলেন, সার্ক প্রায় এক দশকেরও বেশি সময় ধরে সম্মেলন আয়োজন করতে পারেনি। অন্তর্বর্তী সরকার এ সংস্থাকে পুনরুজ্জীবিত করার জন্য জোর প্রচেষ্টা চালাচ্ছে। তিনি আরও বলেন, দক্ষিণ-পূর্ব এশিয়ার অর্থনীতির সঙ্গে সংযুক্তি বাংলাদেশের উন্নয়নকে বহুগুণে এগিয়ে নিতে পারে। এ জন্য বাংলাদেশ আসিয়ানে যোগদানের আগ্রহ প্রকাশ করেছে। এছাড়া তিনি নেপাল, ভুটান এবং ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় সাতটি রাজ্যের সঙ্গে অর্থনৈতিক সম্পর্ক জোরদারের ওপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, 'আঞ্চলিক সহযোগিতা বাড়ানোর মাধ্যমে আমরা আমাদের অর্থনৈতিক প্রবৃদ্ধি দ্রুততর করতে পারব।' বৈঠক শেষে প্রধান উপদেষ্টা সার্জিও গোরকে সুবিধাজনক সময়ে বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান। বিষদ করে পত্রিকার প্রতিবেদন করে দেন

### শৈলকুপায় প্রতিমা ভাঙচুর, একজন

(প্রথম পৃষ্টার পর)

বিকাশ কুমার বিশ্বাস জানান, ভোর ৪টা পর্যন্ত পাহারা দেওয়ার পরই এ ঘটনা ঘটে। সাধারণ সম্পাদক তাপস বিশ্বাস বলেন, "মঞ্জের আলী কিছুটা মানসিকভাবে অসুস্থ। তবে এটি মানসিক অস্থিরতার প্রকাশ নাকি ষড়যন্ত্রড়তা তদন্ত করে দেখা প্রয়োজন।" শৈলকুপা থানার ওসি মাসুম খান জানান, অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে। স্থানীয়ভাবে তাকে মানসিকভাবে অসুস্থ বলা হলেও বিষয়টি তদন্তাধীন। ঘটনাস্থল পরিদর্শন করে খুলনা রেঞ্জ ডিআইজিসহ প্রশাসনের কর্মকর্তারা নিরাপত্তা জোরদার করেছেন।

### মেহেরপুরে উপজেলা স্তরের দাবা

(প্রথম পৃষ্টার পর)

সাম্মি। বালক মধ্যম গ্রুপে চ্যাম্পিয়ন তাসনিম হোসেন তামিম এবং বালিকা মধ্যম গ্রুপে তাহা। চ্যাম্পিয়ন খেলোয়াড়রা আগামী ১১ অক্টোবর মেহেরপুর স্টেডিয়াম মাঠে জেলা পর্যায়ের খেলায় অংশগ্রহণ করবেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার মনিরুজ্জামান, মোমিনপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জাব্বারুল ইসলাম, ক্রীড়া শিক্ষক ফারহা হোসেন লিটন, আব্দুল কুদ্দুস, সোহেল রানা, আব্দুর রশিদ, জাহাঙ্গীর আলম, মাসুদা খাতুনসহ স্থানীয় শিক্ষক ও শিক্ষার্থীরা।

### গাংনীতে সহোদর ভাইয়ের হামলায়

(প্রথম পৃষ্টার পর)

বৃদ্ধ পিতা মেসের আলীকে ধাক্কা দেন। এ সময় ভাইকে নির্যাতনের প্রতিবাদ করেন অপর ছেলে কালাম হোসেন। এতে ক্ষিপ্ত হয়ে লালন হোসেন ও তার ছেলে শান্ত হাসুয়া, রড ও লাঠি নিয়ে কালামকে মারধর করে। শান্ত হাসুয়ার আঘাতে কালামের মাথা ফেটে যায় এবং তিনি গুরুতর আহত হন।

কালামের চিৎকারে স্থানীয়রা ছুটে এসে তাকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে। পরে লালন হোসেন ও তার ছেলে শান্ত ক্ষোভে কালামের বসতবাড়িতে ঢুকে ফ্রিজ, টিভি, শোকেসসহ ঘরের আসবাবপত্র ভাঙচুর করে। শোকেসে রাখা নগদ দুই লাখ টাকা নিয়ে যাওয়ার অভিযোগও করেছেন আহত কালাম হোসেন। এ বিষয়ে গাংনী থানায় লিখিত অভিযোগ করেছে কালাম।

### আখতার ও জারার ওপর হামলায় প্রশাসনের লোকজন জড়িত: নাহিদ ইসলাম

সূর্যোদয় প্রতিবেদন

যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে বিমানবন্দর থেকে বের হওয়ার সময় জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সদস্য সচিব আখতার হোসেন ও সিনিয়র যুগ্ম সদস্য সচিব তাসনিম জারার ওপর হামলার ঘটনায় প্রশাসনের লোকজনের জড়িত থাকার অভিযোগ করেছেন দলের আহ্বায়ক নাহিদ ইসলাম। মঙ্গলবার (২৩ সেপ্টেম্বর) রাজধানীর বাংলামোটরে এনসিপির অস্থায়ী কার্যালয়ে আয়োজিত জরুরি সংবাদ সম্মেলনে নাহিদ ইসলাম এ অভিযোগ করেন। তিনি বলেন, "বিমানবন্দর থেকে বের হওয়ার সময় আখতার হোসেন ও তাসনিম জারাকে লক্ষ্য করে হামলা ও ভৎর্সনা করা হয়েছে। এ ঘটনায় প্রশাসনের লোকজন জড়িত। ভেতর থেকে তথ্য পাচার করা হয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয় ও সরকারের পক্ষ থেকে যথাযথ ব্যবস্থা না নেওয়ার কারণেই এ ধরনের ঘটনা ঘটছে।" নাহিদ ইসলাম আরও বলেন, "ক্রমাগত হামলা, ষড়যন্ত্র ও অপতৎপরতা চলমান। সরকারের পক্ষ থেকে এখন পর্যন্ত কোনো উপযুক্ত ব্যবস্থা নেওয়া হয়নি। যখন উপদেষ্টা মাহফুজ আলমের ওপর হামলা করা হয়েছিল, তখনই আমরা বলেছিলামড়গণঅভ্যুত্থানের নেতৃত্বকে টার্গেট করা হচ্ছে।" তিনি অভিযোগ করেন, সরকার দায়িত্ব পালনে ব্যর্থ হয়েছে। "আমরা তো যেতে চাইনি। ড. মুহাম্মদ ইউনূসের আহ্বানে রাজি হয়েছিলাম। তাদের নিরাপত্তা ও সম্মান নিশ্চিত করার দায়িত্ব সরকার ও প্রশাসনের। কিন্তু তা তারা করতে ব্যর্থ হয়েছে। এটি কোনো বিচ্ছিন্ন ঘটনা নয়, ধারাবাহিকভাবে এসব ঘটানো হচ্ছে।" এনসিপির আহ্বায়ক আরও বলেন, আওয়ামী লীগের পক্ষ থেকে বারবার বিচার করার কথা বলা হলেও তা বাস্তবায়ন না হওয়ায় এমন হামলার ঘটনা ঘটছে।

### ৩ দাবিতে প্রাথমিক শিক্ষকদের আমরণ অনশন ঘোষণা

সূর্যোদয় প্রতিবেদন

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকরা বেতন-ভাতাসহ তিন দফা দাবিতে আগামী ১৭ অক্টোবর থেকে ঢাকার কেন্দ্রীয় শহীদ মিনারে আমরণ অনশন কর্মসূচি শুরু করবেন। ১১তম গ্রেডে বেতন নির্ধারণ, চাকরির প্রথম ১০ ও ১৬ বছরপূর্তিতে উচ্চতর গ্রেডের সমস্যা সমাধান এবং প্রধান শিক্ষক পদে শতভাগ পদোন্নতির দাবি এই কর্মসূচির মূল লক্ষ্য। মঙ্গলবার (২৩ সেপ্টেম্বর) সহকারী শিক্ষক সংগঠনগুলোর মোর্চা 'সহকারী শিক্ষক সংগঠন ঐক্য পরিষদ' এক জরুরি সভা শেষে এ কর্মসূচির তারিখ ঘোষণা করে। ঐক্য পরিষদের অন্যতম নেতা ও বাংলাদেশ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ শামছুদ্দীন মাসুদ জাগো নিউজকে এ তথ্য নিশ্চিত করেন। প্রাথমিকভাবে ২৬ সেপ্টেম্বর থেকে শুরু হওয়ার কথা ছিলো আমরণ অনশন। তবে দুর্গাপূজা, প্রতিকূল আবহাওয়া এবং প্রধান উপদেষ্টার বিদেশ সফরের কারণে কর্মসূচির সময়সূচি পেছানো হয়েছে। মোহাম্মদ শামছুদ্দীন মাসুদ বলেন, "আমরণ অনশন কর্মসূচির গুরুত্ব এবং সর্বোচ্চ অংশগ্রহণ নিশ্চিত করার জন্যই নতুন তারিখ ১৭ অক্টোবর নির্ধারণ করা হয়েছে।" এতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকরা শিক্ষকদের মর্যাদা ও কর্মসংস্থান নিশ্চিতকরণসহ দীর্ঘদিনের দাবিগুলো বাস্তবায়নের জন্য সরকারের প্রতি জোরালো আহ্বান জানাবেন।

### নিউইয়র্কে এনসিপি নেতাদের ওপর হামলা: তাজনুভা ক্ষমা চাইলেন অন্তর্বর্তী সরকারের কাছে

সূর্যোদয় প্রতিবেদন

নিউইয়র্কে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সদস্যসচিব আখতার হোসেনের ওপর ডিম নিক্ষেপ এবং জ্যেষ্ঠ যুগ্ম সদস্যসচিব তাসনিম জারার ওপর অকথ্য ভাষায় আক্রমণের ঘটনায় তীব্র নিন্দা জানিয়েছে দলটি। মঙ্গলবার (২৩ সেপ্টেম্বর) বিকেলে এই ঘটনায় বিক্ষোভও করেছে এনসিপি। দলীয় ফেসবুক পোস্টে তাজনুভা জাবিন বলেন, "রাজনীতিতে আসার পর থেকে আমরা নারীরা কোনো গালি শুনি নাই, কোনো সাইবার বুলিং এড়িয়ে গিয়েছি। কিন্তু আজকে নিউইয়র্কে জারাকে যে অকথ্য ভাষায় আক্রমণ করা হলো, আখতারের ওপর হামলা করা হলো, তা বাংলাদেশ সরকারের সফরসঙ্গী হিসেবে আরও নিন্দনীয়।" অন্তর্বর্তী সরকারকে উদ্দেশ্য করে তিনি আরও বলেন, "এদেরকে নিরাপত্তা দিতে ব্যর্থ হওয়ায় অন্তর্বর্তী সরকারকে ক্ষমা চাইতে হবে। জারার কাছে ক্ষমা চাইতে হবে। মুখে নারী নারী করে ফেনা তুলে ফেলে, অথচ সঙ্গে নিয়ে তাকে আক্রমণের মুখে ফেলে রেখে চলে গেছে।" এ হামলার দায় সরকারকে নিতে হবে উল্লেখ করে তাজনুভা বলেন, "আখতার শুধু এনসিপির নেতা নন, তিনি ফ্যাসিবাদের বিরুদ্ধে জীবন্ত প্রতীক। ইতিহাস সাক্ষী, আখতার রাজপথে থেকে, জেল জুলুম সহ্য করে আন্দোলন করেছেন। সেই ব্যক্তি আজ সরকারের সঙ্গে থাকা সত্ত্বেও নিরাপত্তাহীনতার শিকার হয়েছেন। ধিক্কার জানাই। বাকিটা এনসিপি রাজপথে নিজস্বভাবে সমাধান করবে। তবে বাংলাদেশ সরকারকে এর দায় অবশ্যই নিতে হবে।"

### আখতারের ওপর ডিম নিক্ষেপ অনাকাঙ্ক্ষিত ঘটনা: প্রেস সচিব

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সদস্য সচিব আখতার হোসেনের ওপর ডিম নিক্ষেপের ঘটনাকে অনাকাঙ্ক্ষিত বলে মন্তব্য করেছেন প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। সোমবার (২২ সেপ্টেম্বর) স্থানীয় সময় রাতে ম্যানহাটনের গ্র্যান্ড হায়াত হোটেলে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। এনসিপির নেতার ওপর হামলার প্রসঙ্গে শফিকুল আলম বলেন, এটা একটা অনাকাঙ্ক্ষিত ঘটনা। এ বিষয়টি আমাদের কনস্যুলেট এবং ফরেন মিনিস্ট্রি দেখবে। তিনি বলেন, প্রধান উপদেষ্টার আজ জাতিসংঘে সোশ্যাল বিজনেসের ওপর আইএমএফের মিটিং ছিল, সেখানে তিনি বক্তব্য রাখেন। এরপর তিনি আরেকটি ইভেন্টে অংশ নেন। প্রধান উপদেষ্টাকে এসডিজি অ্যাওয়ার্ড দেওয়া হয়েছে। অ্যাওয়ার্ডটি তিনি ছাড়াও আরও দুজন পেয়েছেন। প্রেস সচিব আরও বলেন, ভারতে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত এবং দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক বিশেষ দূত সার্জিও গোরের সঙ্গে বৈঠকে অনেক বিষয়ে আলাপ হয়েছে। বাংলাদেশে সামনে নির্বাচন, সে বিষয়ে প্রধান উপদেষ্টা বলেছেন, নির্বাচনের জন্য দেশ মোটামুটি প্রস্তুত। অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ একটি নির্বাচন হবে সে বিষয়ে তিনি বলেছেন। যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে বলা হয়েছে তারা সব ধরনের সহযোগিতা বাংলাদেশকে দেবে। এ ছাড়া সার্ক পুনরুজ্জীবিত করার বিষয়ে কথা হয়েছে। নেপাল ভুটানের সঙ্গে সম্পর্ক কীভাবে বাড়ানো যায় সে বিষয়ে কথা হয়েছে। আসিয়ানে আমরা মেম্বারশিপ চাচ্ছি, সেটা নিয়ে কথা হয়েছে।

### ব্যালন ডি'অরের নতুন রাজা উসমান দেম্বেলে

সূর্যোদয় প্রতিবেদন

ব্যালন ডি'অরের ইতিহাসে দীর্ঘ সময়জুড়ে ছিল লিওনেল মেসি ও ক্রিশ্চিয়ানো রোনালদোর রাজত্ব। ২০০৮ থেকে ২০২৩ পর্যন্ত তাদের বাইরে কেউ খুব একটা জায়গা পাননি। গত বছর ম্যানচেস্টার সিটির মিডফিল্ডার রদ্রি জিতে সেই আধিপত্যের অবসান ঘটান। আর এবার ট্রফি উঠল নতুন এক তারকার হাতে। ক্যারিয়ারে প্রথমবারের মতো বর্ষসেরা ফুটবলারের এই পুরস্কার জিতলেন পিএসজির ফরাসি ফরোয়ার্ড উসমান দেম্বেলে। প্যারিসের থিয়েটার দু শাতলেতে ব্যালন ডি'অরের জমকালো অনুষ্ঠানে দেম্বেলের হাতে ট্রফি তুলে দেন ব্রাজিলিয়ান কিংবদন্তি রোনালদিনহো। এই পুরস্কারটি জিততে দেম্বেলে পেছনে ফেলেছেন বার্সেলোনার লামিনে ইয়ামালকে। গত মৌসুমে পিএসজির চ্যাম্পিয়ন্স লিগ জয়ের অন্যতম কারিগর ২৮ বছর বয়সী উইঙ্গার দেম্বেলে। ক্লাবটির জার্সিতে ৫৬ ম্যাচ খেলে করেছেন ৩৫ গোল। শুধু তাই নয়, দলকে ঘরোয়া ট্রেবল জিততে মুখ্য ভূমিকা পালন করেছেন তিনি। একই সঙ্গে পিএসজিকে ক্লাব বিশ্বকাপের ফাইনালে তুলতেও মাঠে দেম্বেলে ছিলেন অন্যদের চেয়ে আলাদা। এছাড়া এক ম্যাচের শিরোপা লড়াই ফরাসি সুপার কাপেও জয়সূচক একমাত্র গোলটি করেন সাবেক বার্সেলোনা ফরোয়ার্ড। নারী বিভাগেও লেখা হলো নতুন ইতিহাস। স্পেন ও বার্সেলোনার আইতানা বোনমাতি জিতলেন বর্ষসেরা ফুটবলারের পুরস্কার। প্রথম নারী ফুটবলার হিসেবে টানা তৃতীয়বার ব্যালন ডি'অর জিতেছেন তিনি। বোনমাতির হাতে বর্ষসেরা নারী ফুটবলারের পুরস্কার তুলে দেন ২০১০ বিশ্বকাপজয়ী সাবেক স্পেন ও বার্সেলোনা তারকা আন্দ্রেস ইনিয়েস্তা। ছেলেদের ফুটবলে কেবল দুজন এই কীর্তি গড়তে পেরেছেন। মিচেল প্লাতিনি ও লিওনেল মেসি টানা তিনবার ব্যালন ডি'অর জিতেছেন। গত মৌসুমে লিগা এফ, কোপা দে লা রেইনা ও স্প্যানিশ সুপার কাপ জয়ের পাশাপাশি করেছিলেন ২০ গোল ও ১৬টি অ্যাসিস্ট। আর্সেনালের মারিয়ানো কালদেন্তেকে পেছনে ফেলেই সেরা হয়েছেন তিনি। কালদেন্তে যদিও জিতেছিলেন চ্যাম্পিয়ন্স লিগ, ২৩ গোল ও ১৮টি অ্যাসিস্ট করেছিলেন। 'ফ্রান্স ফুটবল' ম্যাগাজিনের দেওয়া ব্যালন ডি'অর চালু হয় ১৯৫৬ সালে। প্রতি বছর আগের মৌসুমের সেরা পারফরম্যান্সের স্বীকৃতি হিসেবেই দেওয়া হয় এই সম্মাননা। সমালোচনা-তর্ক থাকলেও ফুটবলের সবচেয়ে মর্যাদাপূর্ণ ব্যক্তিগত পুরস্কার হিসেবে ব্যালন ডি'অরের আবেদন আজও অটুট।

### ল্যান্ডিং গিয়ার বক্সে লুকিয়ে কাবুল থেকে দিল্লি আফগান কিশোর

সূর্যোদয় প্রতিবেদন

আফগানিস্তানের কাবুল থেকে ভারতের রাজধানী দিল্লি পর্যন্ত একটি অদ্ভুত যাত্রা সম্পন্ন করেছে ১৩ বছর বয়সী এক কিশোর। আফগানিস্তানের বৃহত্তম বেসরকারি বিমান সংস্থা কেএম এয়ারের একটি ফ্লাইটে লুকিয়ে ল্যান্ডিং গিয়ার বক্সে চেপে উঠে সে পৌঁছায় দিল্লি। জানা গেছে, কিশোরটি সুস্থ অবস্থায় রয়েছে এবং পরে কাবুলে ফেরত পাঠানো হয়েছে। কুন্দুজ শহরের এই কিশোর মূলত ইরান যাওয়ার ইচ্ছে পোষণ করেছিল। কিন্তু রবিবার (২১ সেপ্টেম্বর) ভোরে কাবুল বিমানবন্দরে যাত্রীদের ভিড়ের মধ্যে গোপনে ঢুকে পরে সে। দুর্ঘটনাক্রমে যে ফ্লাইটে ওঠে, সেটি তেহরানের পরিবর্তে দিল্লি যাচ্ছিল। সকাল ১০টা ২০ মিনিটে ফ্লাইট নামার পর কিশোরটিকে বিমানবন্দর কর্মীরা এলোমেলোভাবে ঘোরাফেরা করতে দেখেন। পরে ভারতের সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স (সিআইএসএফ) কর্মকর্তাদের কাছে হস্তান্তর করা হয়। জিজ্ঞাসাবাদে জানা যায়, সে কুন্দুজ এলাকার বাসিন্দা। কিশোরটি প্রায় ৯৪ মিনিট ধরে ল্যান্ডিং গিয়ারের ভেতরে ছিল, যেখানে অক্সিজেনের অভাব, চাপ নিয়ন্ত্রণ না থাকা এবং প্রায় মাইনাস ৫০ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা ছিল। মৃত্যুহার ৭৭ শতাংশেরও বেশি হলেও, রীতিমতো অলৌকিকভাবে সে নিরাপদে দিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছায়। পুরো যাত্রায় তার সঙ্গে ছিল একটি লাল রঙের অডিও স্পিকার। কিশোরটি পরে জানায়, কেবল কৌতূহল থেকেই এমন ঝুঁকিপূর্ণ যাত্রা করেছিলেন। একই দিন বিকেল ৪টার দিকে তাকে ফেরত ওই বিমানে কাবুলে পাঠানো হয়। বিশ্বজুড়ে এ ধরনের চাকা বা ল্যান্ডিং গিয়ারের কুঠুরিতে লুকিয়ে ভ্রমণের প্রচেষ্টা বহু মৃত্যুর কারণ হয়ে এসেছে। ১৯৪৭ থেকে ২০২১ পর্যন্ত যুক্তরাষ্ট্রের ফেডারেল এভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশনের (এফএএ) তথ্য অনুযায়ী, অন্তত ১৩২ জন এমন ঝুঁকি নিয়েছিল, যাদের অধিকাংশই প্রাণ হারিয়েছে। ভারতের ইতিহাসেও এমন করুণ ঘটনা ঘটেছে। ১৯৯৬ সালে ব্রিটিশ এয়ারওয়েজের দিল্লি-লন্ডন ফ্লাইটে চাকার কুঠুরিতে লুকিয়ে ছিলেন প্রদীপ সাইনি ও বিজয় সাইনি। প্রদীপ বেঁচে ফিরলেও বিজয় প্রাণ হারান।

### ভারী বৃষ্টি ও জলাবদ্ধতায় বিপর্যস্ত কলকাতা, সাতজনের মৃত্যু

সূর্যোদয় প্রতিবেদন

কলকাতা, ২৩ সেপ্টেম্বর (জাগো নিউজ) ভারতের পশ্চিমবঙ্গের রাজধানী কলকাতায় সোমবার রাতভর টানা ভারী বৃষ্টিপাতে শহরের বিভিন্ন এলাকায় ভয়াবহ জলাবদ্ধতা দেখা দিয়েছে। এতে অন্তত সাতজনের মৃত্যু হয়েছে। মৃতদের মধ্যে কমপক্ষে তিনজন বিদ্যুৎস্পৃষ্টে প্রাণ হারিয়েছেন।